



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০৪২.৬৭০০.০০০.১৪.০১০.১৫(অংশ-১).৬৩৬

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯
২৭ এপ্রিল ২০২২

বিষয়: ২০২১-২২ অর্থবছরে নারায়ণগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: নারায়ণগঞ্জ জেলা পরিষদের স্মারক জেঃপঃ/নাঃগঞ্জ/প্রকৌঃ/০৩/২০২১-২০২২/১৫৭, তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০২১-২২ অর্থবছরে নারায়ণগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৭৪.০০ লক্ষ (চুয়াতুর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১০টি প্রকল্প অনুমোদনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পসমূহের মধ্যে 'সোনারগাঁ উপজেলাধীন কাঁচপুর মুন্সিবাড়ি খালপাড় চেঞ্জাইন বাইতুল ফালাহ জামে মসজিদ উন্নয়ন' প্রকল্পের অনুকূলে ইতঃপূর্বে কোন বরাদ্দ প্রদান করা হয়েছে কিনা, এ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। 'সদর উপজেলাধীন অসহায় দুস্থ নারীদের আত্ম-কর্মসংস্থানের জন্য ফুড প্রসেসিং প্রশিক্ষণ' সংক্রান্ত প্রকল্পটি ৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে 'প্রকল্প কমিটি' (PIC) এর মাধ্যমে বাস্তবায়নের সুযোগ না থাকায় প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি পরিবর্তন করা প্রয়োজন।


৩। এছাড়া, 'ফতুল্লা প্লাটফর্ম রেলস্টেশন জামে মসজিদ উন্নয়ন' প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে রেলওয়ে কর্তৃপক্ষের অনাপত্তি পত্র আবশ্যিক।

৪। এমতাবস্থায়, উল্লিখিত প্রকল্প ৩টি ব্যতিত অবশিষ্ট নিম্নবর্ণিত ৭টি প্রকল্প ৪০.০০ লক্ষ (চল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্রমিক	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)
১.	রূপগঞ্জ উপজেলাধীন বরার কেন্দ্রীয় জামে মসজিদ উন্নয়ন	১৫.০০
২.	রূপগঞ্জ উপজেলাধীন মুগরাকুল মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা ও মুগরাকুল কেন্দ্রীয় জামে মসজিদ উন্নয়ন	১০.০০
৩.	সদর উপজেলাধীন পূর্ব লামাপাড়া ফতুল্লা বাইতুল মুমুর জামে মসজিদ উন্নয়ন	৫.০০
৪.	বন্দর উপজেলাধীন বাহতুল আহম্মেদ জামে মসজিদ উন্নয়ন	৩.০০
৫.	সদর উপজেলাধীন পাইকপাড়া বড় জামে মসজিদ উন্নয়ন	৩.০০
৬.	সোনারগাঁ উপজেলাধীন সূচারগাঁও বারপাড়া, সনমানদি, সূচারগাঁও নুরুল আলানুর জামে মসজিদ উন্নয়ন	২.০০
৭.	আড়াইহাজার উপজেলাধীন দক্ষিণ চন্দনপুরা বায়তুল মামুর জামে মসজিদ উন্নয়ন	২.০০
মোট=		৪০.০০

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪২ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।